

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
নগর গণপূর্ত বিভাগ
১৫-আব্দুল গণি রোড, ঢাকা
ফোন : ৯৫৫০৬৬৩, ফ্যাক্স : ৯৫৬১৯২৪
Email: ee_city@pwd.gov.bd

নিলাম দরপত্র বিজ্ঞপ্তি নং-১৮১/২০১৮-২০১৯


স্মারক নং : গনবি/২৪৬০

তারিখ : ০২/১১/১৪২৫ বঙ্গাব্দ
১৪/০২/২০১৯ খ্রিস্টাব্দ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নগর গণপূর্ত বিভাগ, ঢাকা এর অধীন নিম্নবর্ণিত পরিত্যক্ত দুইতলা খাদ্য গুদাম ভেঙ্গে অপসারণসহ প্রাপ্ত মালামাল বিক্রয়ের জন্য গণপূর্ত অধিদপ্তরের তালিকাভুক্ত ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান, সচল ব্যবসায়ী ও ব্যক্তিদের নিকট হতে সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে। নিলাম দরপত্র আগামী ০৪/০৩/২০১৯ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর অফিস, নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-১/২/৪, ঢাকা কর্তৃক গৃহীত হবে এবং একই দিন দুপুর ৩.০০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর অফিসে উপস্থিত নিলাম দরপত্রদাতাদের সম্মুখে খোলা হবে।

কাজের নাম :- পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগারের বহির্ভাগে নির্মাণাধীন ৬ তলা ভিত বিশিষ্ট ১ তলা কারারক্ষী ব্যারাক ভবনের লে-আউটে পতিত পরিত্যক্ত দুইতলা খাদ্য গুদাম অপসারণ।

- ১। নিলাম দরপত্রে অংশগ্রহণকারীকে নিলাম দরপত্রের জন্য মোট মূল্য অংকে ও কথায় আলাদা আলাদাভাবে দরপত্র তফসিলের নির্ধারিত স্থানে লিপিবদ্ধ করতে হবে এবং উদ্ধৃত মূল্যের উপর ১০০% (শতকরা শত ভাগ) জামানত হিসেবে বাংলাদেশের যে কোন তফসিল ব্যাংক হতে বিডি/পে-অর্ডারের মাধ্যমে নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, ঢাকার অনুকূলে নিলাম দরপত্রের সহিত জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ২। নিলাম দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, তালিকাভুক্ত বহি, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, টিন (TIN) সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি, নিলাম দরপত্র ক্রয়ের মূল মানি রিসিপ্ট সংযুক্ত করতে হবে।
- ৩। নিলাম বিজ্ঞপ্তির শর্ত ও নিয়মাবলী সমূহ নিম্নস্বাক্ষরকারীর অফিস, নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-১/২/৩/৪/মেডিকেল কলেজ/মতিঝিল/আজিমপুর/ সম্পদ/রক্ষণাবেক্ষণ/শেরেবাংলা নগর গণপূর্ত বিভাগ-১/২/৩, মহাখালী/সাভার/মিরপুর গণপূর্ত বিভাগ, ঢাকা এবং অত্র বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলীর কার্যালয় সমূহে আগামী ০৩/০৩/২০১৯ খ্রিঃ পর্যন্ত বিস্তারিত তথ্য ও শর্ত সম্বলিত নিলাম ডকুমেন্ট ৫০০/- (পাঁচশত) টাকা অফেরৎযোগ্য নগদ মূল্যে মানি রিসিপ্ট এর মাধ্যমে অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে।
- ৪। কাজ সম্পাদনের সময়সীমা :- কার্যাদেশ প্রাপ্তির তারিখ হতে ৩০(ত্রিশ) দিন।
- ৫। দর উদ্ধৃতঃ নিলাম দরপত্রে অংশগ্রহণকারীদের নিলাম দরপত্র তফসিলের নির্ধারিত স্থানে মালামালের পরিমাণের বিপরীতে উল্লেখিত একক হিসাবে উদ্ধৃত দর অংকে এবং কথায় লিপিবদ্ধ করে জমা দিতে হবে।
- ৬। নিলাম দরপত্র যে সকল কারণে বিধিবিহীন ও সম্পূর্ণ বাতিল বলে ঘোষণা করা হবে :-
 - (ক) যদি দরদাতা দরপত্র ফরম, স্মিডিউলের আইটেমের পাতায় যে স্থানে দর উদ্ধৃত হবে সেইখানে স্বাক্ষর না করেন।
 - (খ) যদি উদ্ধৃত দর অসামঞ্জস্য/লেখার উপর লেখা/ঘষামাজা/অস্পষ্টতা এবং উদ্ধৃত দর সংশোধনীতে নিলাম দরপত্র দাতাদের স্বাক্ষর না থাকে।
 - (গ) উপরে বর্ণিত ক্রমিক নং-১ অনুযায়ী বায়নার টাকা নিলাম দরপত্রের সাথে জমা না দিলে।
 - (ঘ) যদি ঠিকাদার কর্তৃক অতিরিক্ত কোন শর্ত প্রদান করা হয়।
 - (ঙ) নিলাম দরপত্রের সাথে মূল মানি রিসিপ্ট জমা না দিলে।
- ৭। অনিবার্য কারণে যে কোন দরপত্র নিলাম বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(মোহাম্মদ শওকত উল্লাহ)
নির্বাহী প্রকৌশলী
নগর গণপূর্ত বিভাগ, ঢাকা